

আর্থিক

অন্তর্ভুক্তিকরণ নেটওয়ার্ক

বাংলাদেশ



ইনসিটিউট ফর ইনকুসিভ ফিনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (আইএনএম)

প্রারম্ভিকা

২০১১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য সকল ব্যক্তি ও উদ্যোগের ক্ষেত্রে আর্থিক পণ্য ও সেবার প্রাপ্যতা নিশ্চিত করা প্রয়োজন যাতে দেশের আর্থ সামাজিক কাঠামোর গভীরতা এবং বৈচিত্রতা সৃষ্টির মাধ্যমে উন্নয়নের নতুন ধারা অর্জন করা সম্ভব হয়।

এজন্য সকলের জন্য আর্থিক অস্ত্রভুক্তি অন্যতম পূর্বশর্ত। এটা বিশেষ করে প্রয়োজন তাদের জন্য যারা অসংগঠিত ও অধীনস্থ আর্থিক বাজারে রয়েছে যেমন ক্ষুদ্র, ছেট ও মাঝারি উদ্যোগ; দরিদ্র এবং প্রাপ্তিক পরিবার; অনানুষ্ঠানিক কার্যক্রমের সাথে সম্পৃক্ত জনগোষ্ঠী; দরিদ্র যুব এবং নারী সমাজ; আদিবাসী মানুষ; প্রতিবন্ধী; এবং অন্যান্য পিছিয়ে পড়া জনগোষ্ঠী। দারিদ্র ও বৈষম্য দূর করতে এবং সুষম সম্বৰ্দ্ধিতে ও সামাজিক উন্নয়নে এ সকল জনগোষ্ঠীকে আর্থিক সেবায় অস্ত্রভুক্ত করা একটি গুরুত্বপূর্ণ বিষয়সূচী। এজন্য আর্থিক অস্ত্রভুক্তির প্রতিবন্ধকতার প্রতি সচেতনতা বৃদ্ধি যেমন প্রয়োজন তেমনি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মধ্যে বিশ্বাস স্থাপন, সহযোগিতা প্রক্রিয়া বাস্তবায়ন এবং সকল আর্থিক অস্ত্রভুক্তি অর্জনের উদ্যোগগুলি কিভাবে বাস্তবায়ন ও সমন্বয় করা যায় সে বিষয়ে একটি সুস্পষ্ট কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন।

আইএনএম আর্থিক অস্ত্রভুক্তিকরণের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে অধিকতর সমন্বয় সাধন ও সমন্বিত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে “আর্থিক অস্ত্রভুক্তিকরণ নেটওয়ার্ক বাংলাদেশ” সংক্ষেপে “ফিন-বি” শীর্ষক একটি প্লাটফর্ম প্রতিষ্ঠা করেছে ২০১৭ সালে। “ফিন-বি” সকলের জন্য সার্বিক আর্থিক অস্ত্রভুক্তি করণ এই ধারণাকে অস্ত্রভুক্তিমূলক উন্নয়নের চাবিকাঠি হিসেবে গণ্য করে যাতে সকল জনগোষ্ঠীর জন্য খণ্ড, সঞ্চয়, বৌমা এবং অন্যান্য আর্থিক লেনদেন সুগম্য হতে পারে।

রূপকল্প

ফিন-বি এর সার্বিক দৃষ্টিভঙ্গি হচ্ছে জনগণ, আর্থিক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠান, পেশাদারী সংস্থা, সুশীল সমাজ এবং এর সাথে সম্পৃক্ত সংগঠনসহ সকল জনগোষ্ঠীকে একত্রিত করা, যাতে সকলকে আর্থিক সেবার অস্ত্রভুক্তির মাধ্যমে বাংলাদেশে সুষম ও অস্ত্রভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভবপর হয়।

এই নেটওয়ার্ক-এর মূল লক্ষ্য সংশ্লিষ্ট জ্ঞান উন্নয়ন ও তার সুষম বিস্তার এবং আর্থিক অস্ত্রভুক্তিকরণকে দক্ষ করার পাশাপাশি সদস্যদের মধ্যে কার্যকর যোগসূত্র স্থাপন করা, যাতে এ নেটওয়ার্ক আর্থিক অস্ত্রভুক্তির ক্ষেত্রে বলিষ্ঠ মাধ্যম হিসেবে কাজ করতে পারে। এই নেটওয়ার্ক সরকারী-বেসেরকারী সকল পর্যায়ের গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং



নীতিনির্ধারক ও আর্থিক নিয়ন্ত্রক প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ প্রতিষ্ঠার মাধ্যমে নেটওয়ার্কের উদ্দেশ্য অর্জনে অগ্রসর হবে। ফিন-বি আর্থিক খাতের জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের সকল স্টেকহোল্ডার (ব্যাংক, ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠান, বেসরকারী প্রতিষ্ঠান, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, ত্বরণমূল প্রতিষ্ঠান / সংস্থা, স্থানীয় সরকার) সহ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের কাছ থেকে ধারণা এবং সহযোগিতা লাভ এবং বিভিন্ন দেশের সফল উদ্যোগগুলোকে বাংলাদেশের প্রেক্ষাপটে কিভাবে বাস্তবায়ন করা যায় তা বিশ্লেষণ করবে।

ফিন-বি এর একটি প্রধান উদ্দেশ্য আর্থিক অন্তর্ভুক্তিকরণের দক্ষ উপায় সম্পর্কে সচেতনতা ও জ্ঞান সৃষ্টি করা যাতে করে দ্রুত দারিদ্র্য বিমোচন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নসহ সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভবপর হয়। এই নেটওয়ার্ক গবেষণা, শিক্ষা, মতবিনিময় সভা, কর্মশালা, সম্মেলন ইত্যাদির আয়োজন এবং জ্ঞান ব্যবস্থাপনা ও প্রশিক্ষণের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি ও প্রাসঙ্গিক বিষয়ে কর্মসূচী প্রস্তাবনা এবং বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে যাতে করে আর্থিক অন্তর্ভুক্তিকরণের নানাদিক উম্মোচিত হতে পারে এবং সামগ্রিক ভাবে ফিন-বি একটি অন্তর্ভুক্তিমূলক আর্থিক খাত উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম হয়।

উদ্দেশ্য

ফিন-বি এর প্রধান উদ্দেশ্য হচ্ছে

০১

আর্থিক পরিষেবা সমূহ সামর্থ্য এবং প্রয়োজনের ভিত্তিতে নির্ণীত করা এবং সেবা প্রদানের সময় এর গুণগত মান এবং সুবিধা গ্রহণকারীর উপযোগিতা, সম্মান এবং স্বার্থ রক্ষা প্রতৃতি বিষয় বিশেষভাবে বিচার্য করার পছন্দ সমূহ নির্ধারণ।

সকল খণ্ড / সেবা গ্রহণকারীকে অর্থ সংক্রান্ত সঠিক সিদ্ধান্ত এবং ব্যবস্থাপনার বিষয়ে যথাযথ জ্ঞান অর্জনের ব্যবস্থাবলীর প্রতি গুরুত্ব আরোপ।

০২

০৩

আর্থিক পরিষেবা সমূহ এমনভাবে পরিকল্পিত ও বাস্তবায়িত করার ব্যবস্থা সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা যাতে করে এসব সেবা থেকে কেউ বাদ না পড়েন এবং কেউ যেন যথাযোগ্য সেবা হতে বাধ্যতামূলক না হন।

আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বলিষ্ঠ আর্থিক কাঠামো, সুস্পষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষ এবং পরিষেবা গ্রহণকারীর চাহিদা অনুযায়ী বিচিত্র এবং প্রতিযোগিতামূলক পণ্য ও সেবার আর্থিক বাজারে উপস্থিতির ব্যাপারে করণীয় বিষয় সমূহ সম্পর্কে জ্ঞান ও কার্যাবলী নির্ধারণ।

০৪

ফিন-বি সদস্য পদ

ফিন-বি এর সদস্য পদ সমস্ত জাতীয় / আন্তর্জাতিক প্রতিষ্ঠান (সরকারী এবং বেসরকারী) যারা বাংলাদেশ সহ বিভিন্ন উন্নয়নশীল দেশের আর্থিক অর্তভুক্তিকরণের উন্নয়নে বিশেষভাবে আর্থিক ও উন্নয়নের বহুমাত্রিক সমস্যা নিয়ে কাজ করতে আগ্রহী তাঁদের সকলের জন্য উন্মুক্ত। আগ্রহী ব্যক্তিরাও নেটওয়ার্ক এর সহযোগী সদস্য হিসাবে যোগ দিতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য আবেদন পত্র দেখুন।

পরিচালনা মণ্ডলী

নেটওয়ার্কটি একটি স্টেয়ারিং কমিটি দ্বারা পরিচালিত যাতে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান, বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও আর্থিক প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক; বাণিজ্যিক ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান; এনজিও- এমএফআই; আর্থিক খাত সংশ্লিষ্ট বরেণ্য ব্যক্তিবর্গ, নাগরিক সমাজ এর প্রতিনিধি এবং অন্যান্য প্রাসঙ্গিক প্রতিষ্ঠান সম্পৃক্ত।



ফিন-বি দণ্ডর

এই নেটওয়ার্ক দণ্ডরের ঠিকানা-

ইনসিটিউট ফর ইনকুসিভ ফিনান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (আইএনএম)

পিকেএসএফ ভবন

ই-৪ বি, আগারগাঁও, ঢাকা -১২০৭, বাংলাদেশ।



ইনসিটিউট ফর ইনকুসিভ ফিনান্স
অ্যান্ড ডেভেলপমেন্ট (আইএনএম)
পিকেএসএফ ভবন, ই-৪ বি, আগারগাঁও,
ঢাকা -১২০৭, বাংলাদেশ।

পিএবিএক্স: +88-02-8100676-7, +88-02-8100479.

ফ্যাক্স: +88-02-8100481

ই-মেইল: finb@inm.org.bd; info@inm.org.bd

ওয়েব: www.inm.org.bd